# উপজেলা পরিষদ
## ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ২২-০৬-২০২৩ খ্রি. দুপুর : ১২.০০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

**আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়িকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত জুন ২০২৩ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট। |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি। |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর। |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডা. শাহ এমাজুর রহমান সভায় জানান সেবার পরিধি এবং সেবার মান বাড়ানোর জন্য সর্বাত্মক চেষ্টা চলছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় জানান নব-নির্বাচিত ইউপ চেয়ারম্যানগণকে পরিবার পরিকল্পনা বিভাগের পক্ষে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক জানা যায় যে, মে ২০২২ মাস পর্যন্ত পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৭৪.৫২% উন্নতি হয়েছে এবং ১০ জুন -১৫জুন ২০২৩ খ্রি. মাসে ইনজেকটেবুল সেবা সপ্তাহ ৬৬৮ জনকে ইনডাকশন পদ্ধতি সেবার আওতায় আনা হয়েছে। মাইজগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের কার্যক্রম অব্যাহত আছ। সম্মানীত চেয়ারম্যান সাহেবে সম্মতিতে আগামী ০৪/০৭/২০২৩খ্রি. তারিখে কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির পুনঃগঠনের তারিখ নির্ধারণ করা হয়েছে। উত্তর কুশিয়ারা ইউনিয়নের নির্মানাধীন স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্রের ২য় তলার ছাদের কাজ চলমান আছে। নবগঠিত ইউনিয়ন সমূহে পদসৃজন সহ উপজেলার বিভিন্ন পর্যায়ের শুন্য পদে নিয়োগ হলে কার্যক্রম আরো বেগবান হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বন্যায় আউশ ধানের এখনো কোন ক্ষয়ক্ষতি হয়নি। কৃষি প্রনোদনা পুর্নবাসনের আওতায় আগামী আমন সিজনে ৪৬০জন কৃষককে ৫ কেজি বীজ ১০ কেজি DAP এবং ১ কেজি MOP প্রদান করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান আসন্ন পবিত্র ঈদুল আযহায় পশুর পর্যাপ্ত মজুদ রয়েছে কোরবানীর পশুর হাটে পশুর স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা সেবায় ভেটেনারি মেডিকেল টিম দায়িত্ব পালন করবে। পশুর চামড়া ছাড়ানো, চামড়া সংরক্ষন ও বর্জ্য ব্যবস্থাপনায় করনীয় বিষয়ে ২০০টি সচেতনামূলক লিফলেট বিতরন করা হয়েছে। সম্প্রীতি মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনায় গবাদি পশু ও হাঁস মুরগীর ব্যাক্সিনের মূল্য সেবা মূল্য বৃদ্ধি করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উষ্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে ১ম/২য়/৩য় পর্যায়ে সাধারন/বিশেষ টিআর/কাবিটা/কাবিখা বি: যদি কোন প্রকলপ সভাপতি নির্দেশনা মোতাবেক সঠিক সময়ে কাজ বাস্তবায়ন সম্পন্ন না হলে উক্ত প্রকল্পের বরাদ্দ ফেরত/ অথবা কাজের অংশ বিশেষ বিল প্রদান উপজেলা নির্বাহী অফিসার নামে পে-অর্ডার/যৌথ স্বাক্ষরিত হিসাবে জমা প্রদান করা সদস্য সকলের সম্মতিসহ প্রস্তাবটি রেজুলেশন নিয়ে আসার জন্য অনুরোধ জানান। পরবর্তীতে অডিটসহ কোন পরিবীক্ষন হলে প্রস্তাবটি যদি রেজুলেশনে খাদ্যশস্য তালিকা ইতিমধ্যে জেলা হতে অনুমোদন হয়েচে। তাছাড়া ৩নং খিলাছড়া ইউনিয়ন হতে সকল উন্নয়নমূলক প্রকল্পের তালিকা পাওয়া গেছে। যেহেতু গত কার্যবিবরনীতে উল্লেখ করা হয়েছে কাজ বাস্তবায়নের সময়সীমা জুন/২৩ এমতাবস্থায় আবারো বিশেষ/সাধারন টিআর/কাবিটা/কাবিখা ১ম ও ২য় পর্যায়ের কাজ দ্রুত জুন/২৩ মধ্যে কাজ বাস্তবায়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। যদি কোন প্রকল্প চেয়ারম্যান কাজ বাস্তবায়নে ব্যর্থ হন তাহলে বরাদ্দর লেফসসহ/সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে যা পরবর্তীতে কোন অভিযোগ গ্রহন যোগ্য হবে না মর্মে সভায় উত্থাপন করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২২-২৩ অর্থ বছরে সাধারন/ বিশেষ টিআর/কাবিটা/কাবিখা খাদ্যশস্য এর উন্নয়নমূলক প্রকল্পের কাজের যেগুলো কাজ বাকি রয়েছে সেগুলোর অর্থ পে-অর্ডার করে রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তীতে কাজ সমাপ্তি হওয়া সাপেক্ষে পে-অর্ডার ছাড় করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত না কোন আলোচনা করা হয়নি। | সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্ন এবং চলমান জুন/২৩ মাসে ৮জন আত্মকর্মীর মাঝে ৪৮,০০০/- টাকা করে মোট ৩,৮৪,০০০/-টাকা বিতরণ করা হবে। চলতি মাসে ৮জন সহ মোট ২২ জনকে ৯,৯৪,০০০/- টাকা বিতরণ এবং ১জন উদ্যোক্তা ঋণ হিসাবে ১,০০,০০০/-টাকা বিতরণ করা হয়। কার্যালয়ে জনবল সংকটের কারনে স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমানপাতা -০৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৬ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের সকল প্রকল্পসমূহ ২৬জুন ২০২৩ এর মধ্যে বাস্তবায়ন করার জন্য ঠিকাদারগণকে তাগিদ প্রদান করা হয়েছে। ইতিমধ্যে এডিপির কাজগুলো বাস্তবায়েন শেষের দিকে। আশা করা যায় আগামী ২৬জুন ২০২৩ তারিখের মধ্যে কাজগুরো উঠিয়ে নেয়া যাবে। | ২০২২-২৩ অর্থ বছরের সকল প্রকল্পসমূহ ২৬জুন ২০২৩ এর মধ্যে বাস্তবায়ন করার জন্য সবায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৭ | বিআর ডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৯ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক সভায় জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২২ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৩ | তথ্য আপা | তথ্যসেবা কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | তথ্য সেবা কর্মকর্তা |
| ২৪ | বিবিধ-০১ | **<u>ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ</u>** উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জুন/২৩ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান এর জুন/২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের জুন/২৩ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-<br><br>খ) **<u>মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ</u>** উপজেলা পরিষদের একজন মালী ৫৫০হারে জুন/২৩ মাসের ২৬দিনের মজুরী বাবদ ১৪,৩০০/- এবং একজন সুইপারের ৫৫০হারে জুন/২৩ মাসের ২৬দিনের মজুরী বাবদ ১৪,৩০০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| | বিবিধ-০২ | **<u>গ) আপ্যায়ন বিল সংক্রান্তঃ</u>** জুন ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।<br><br>**<u>ঘ) আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্তঃ</u>** উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী ও আনুষাঙ্গিক জুন ২০২৩ মাসের ব্যয় বাবদ ৫,০০০/- করার জন্য সভায় আলোচনা করা হয়। | সভার আলোচনান্তে গ নং বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ নং উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ |

চলমান পাতা -০৪

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-০৩ | **ঙ) ইন্টারনেট বিল সংক্রান্তঃ** উপজেলা পরিষদের ইন্টারনেট বিল বাবদ জুন ২০২৩ মাসের (৬,০০০X১)=৬,০০০/- (ছয় হাজার) টাকা পরিশোধ করার জন্য সভায় আলোচনা করা হয়। | ঙনং উপজেলা পরিষদের ইন্টারনেট বিল রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০৪ | **ইলেকট্রিক লাইন মেরামত ঃ উপজেলা প্রকৌশলী সভায় উত্থাপন করেন** উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে ইলেট্রিক লাইন জরুরি ভিত্তিতে মেরামত করা হয়। মেরামতের ইলেকট্রিক মালামাল ক্রয় এবং মজুরি বাবদ ও ভ্যাট আইটিসহ সর্বমোট ২২,৯৭০/- (বাইশ হাজার নয়শত সত্তর) টাকার বলি জনাব মোঃ আলমঙ্গীর আলম, ইলেকট্রিকশিয়ান আবেদন করেন। | সভায় আলোচনান্তে বিল পরিশোধের নিমিত্তে আবেদনকারীর বরাবর চেক প্রদান করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ |

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের উপজেলা চেয়ারম্যান ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মোঃ নূরুল ইসলাম**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

চলমানপাতা -০৫

স্মারক নং ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০০১.২৩.৪৯৭ তারিখঃ ২৬ জুন ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা............................................ অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ............................................, সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

২৬/০৬/২০২৩

(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☏ ০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব তৈফুর রহমান শাহিন, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব জুবেদ আহমদ চৌধুরী শিপু, চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব সাইফুর ইসলাম মনা, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব আবজাল হোসাইন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব ফারজানা প্রিয়াংকা, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | ডাঃ ইকবাল হোসেন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জনাব আব্দুল মুকিত, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | জনাব শেখ আজিম উর রশিদ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব মোঃ আব্দুল মুক্তাকিম, উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:), ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী যুব উন্নয়ন কর্মকতা |
| ১০ | জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব জনি রঞ্জন দে, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | জনাব মোঃ ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ |
| ১৩ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

সভায় জনপ্রতিনিধিদের অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট |

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |
| ০৩ | উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |